

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
youth.gomostapur.chapainawabganj.gov.bd

স্মারক নংঃ ৩৪.০১.৭০৩৭.০০০.৩৮.০২৪.১৫-১০০


তারিখঃ ১৮/০৭/২০২৩ খ্রিঃ

অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থবছরে অত্র গোমস্তাপুর উপজেলার বেকার যুব পুরুষ/ যুব নারীদের ১৪ (চৌদ্দ) টি ব্যাচে (প্রতি ব্যাচে ৩০ জন) ০৭ দিন মেয়াদী স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন ট্রেডে (হাঁস-মুরগী পালন/ গবাদী পশু পালন/ গাভী পালন/ গরু মোটাজাকরণ/ মৎস্য চাষ/ সেলাই/ নকশী কাঁথা ইত্যাদি) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী যুব পুরুষ/ যুব নারীদের নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ পূর্বক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ বরাবর নির্ধারিত ফরম এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১। প্রশিক্ষার্থীর বয়স ১৮ হতে ৩৫ বছর হতে হবে।
- ২। প্রশিক্ষার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ৫ম শ্রেণী হতে হবে।
- ৩। প্রশিক্ষার্থীকে গোমস্তাপুর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৪। প্রশিক্ষার্থীকে বেকার যুব পুরুষ/ যুব নারী হতে হবে এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে প্রকল্প বাস্তবায়ন তথা আত্মকর্মী হওয়ার জন্য প্রত্যয়ী হতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, প্রশিক্ষণ সংক্রান্ত অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- ৬। প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষার্থীকে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ৭। ইতঃপূর্বে যুব উন্নয়ন অধিদপ্তর হতে যে কোন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তিনি এই প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।



১৮/০৭/২৩

মোঃ পারভেজ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।

ফোনঃ +৮৮ ০২৫৮৮৮৯৫৬৬৩


Email: gomastapur@dud.gov.bd

স্মারক নংঃ ৩৪.০১.৭০৩৭.০০০.৩৮.০২৪.১৫-১০০

তারিখঃ ১৮/০৭/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। মেয়র, রহনপুর পৌরসভা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, গোমস্তাপুর/ চৌডালা/ বোয়ালিয়া/ রহনপুর/ আলিনগর/ বাজাবাড়ি/ রাধানগর/ পার্বতীপুর ইউনিয়ন পরিষদ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। অফিস কপি।



১৮/০৭/২৩

মোঃ পারভেজ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।